

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২০৪

পর্ব ২১: খাদ্য (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا فَرَغَ مِنْ طَعَامِهِ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنَا وَسَقَانَا وَجَعَلَنَا مُسْلِمِينَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَابْن مَاجَه

#### বাংলা

8২০৪-[৪৬] আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খানাপিনা হতে অবসর হতেন, তখন এ দু'আ পড়তেন- ''আলহামদু লিল্লা-হিল্লাযী আত্ব'আমানা- ওয়াসাকানা- ওয়াজা'আলানা- মুসলিমীন'' (অর্থাৎ- সমস্ত প্রশংসা সে আল্লাহর জন্য যিনি আমাদেরকে খাইয়েছেন, পান করিয়েছেন এবং আমাদেরকে মুসলিমদের অন্তরভুক্ত করেছেন)। (তিরমিয়ী, আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৩৪৫৭, আবূ দাউদ ৩৮৫০, ইবনু মাজাহ ৩২৮৩, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৯৫৬৩, মুসনাদে আহমাদ ১১৯৩৪, শু'আবুল ঈমান ৬০৩৯, সুনানুন্ নাসায়ী আল কুবরা ১০১২১।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো এর সনদে আছে ''হাজ্জাজ ইবনু আরত্বত'' নামক একজন মুদাল্লিস রাবী। যিনি ചَنْ ('আন) দ্বারা হাদীস বর্ণনা করেছেন। আরও আছে আবূ সা'ঈদ-এর ভাইয়ের ছেলে নামক বর্ণনাকারী, যিনি মাজহূল; য'ঈফুল জামি' ৪৪৩৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِذَا فَرَغَ مِنْ طَعَامِه) "যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) খাবার যাওয়া শেষ করতেন।" অর্থাৎ যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার সামনে উপস্থাপিত খাবার খেয়ে অবসর হতেন, তা তাঁর নিজ



বাড়ীতে স্বীয় পরিবার-পরিজনের সাথেই হোক অথবা তার মেহমানদের সাথে অথবা তাঁর কোন সাহাবীর বাড়ীতেই হোক। এর প্রমাণ হলো তিনি তাঁর দু'আর মধ্যে বহুবচন শব্দ ব্যবহার করেছেন।

(جَعَلَنَا مُسْلِمِين) "আমাদেরকে মুসলিম বানিয়েছেন।" আমাদেরকে একত্ববাদী এবং ধর্মীয় সকল বিষয়ে তাঁর আনুগত্যকারী বানিয়েছেন।

হাদীসের শিক্ষা : যখন নতুন কোন নি'আমাত অর্জিত হয় তখন ঐ নি'আমাতের মোকাবিলায় তাঁর প্রশংসা করা মুস্তাহাব।

(মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়াযী ৮ম খন্ড, হাঃ ৩৪৮৭; 'আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮৪৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন